



grey matter pr

PRESS CLIP

Publication:- Biswabanglasangbad.com (<https://biswabanglasangbad.com/2020/04/23/in-the-relevant-discussion-of-the-merchant-meeting-digital-education-in-india-will-increase-compared-to-other-countries/>)

Date: - 23rd April 2020

Page :- Online

Webinar on "Learn,Lead, and Link-up:Knowledge Comes Closer with Social Distancing" organized by The Bengal Chamber on 10th April, 2020.

বণিকসভার প্রাসঙ্গিক আলোচনা, ভারতে ডিজিটাল-লেখাপড়া অন্য দেশের তুলনায় বাড়বে

By Suparna Dey - April 23, 2020



106 d, block-f
new alipore
kolkata 700 053
i n d i a

W +91 33 2445 2766
info@greymatterpr.com
www.greymatterpr.com

কোভিড-১৯ শিক্ষা ব্যবস্থায় একটা বড় পরিবর্তন এনেছে। প্রযুক্তির বড় ভূমিকা দেখা যাচ্ছে পরিবর্তিত এই সময়ে। ক্লাসরুম এসেছে ঘরে।

এই বিষয়টি আরও ভাল করে বোঝাতে দ্য বেঙ্গল চেম্বার এক ওয়েবিনারের আয়োজন করেছিল। বিষয় ছিলো, "লার্ন, লিড অ্যান্ড লিঙ্ক আপ: নলেজ কামস ক্লোজার উইথ সোশ্যাল ডিসট্যান্সিং"। অংশ নিয়েছিলেন একঝাঁক বিশিষ্ট শিক্ষাবিদ।

BCCI-এর শিক্ষা বিষয়ক কমিটির চেয়ারপার্সন ড. সুবর্ণ বসু এদিন বলেন, 'করোনা শিক্ষাবিদদেরও এক বড় জিনিস শিখিয়ে গেল। আমরা যেন দশ বছর এগিয়ে গেলাম।' মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মৈত্রের কথায়, 'অনলাইন শিক্ষায় জোর দিলে বিশ্বের প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠানে আরও বেশি বিদেশি পড়ুয়া ভর্তির সুযোগ তৈরি হবে। তবে সেখানে আন্তর্জাতিক মানের ডিজিটাল লেখাপড়ার উপাদান থাকতে হবে। জেআইএস গ্রুপের ডিরেক্টর সিমরপ্রীত সিং বলেছেন, এই কঠিন সময় সামলানো শিক্ষকদের পক্ষে খুব অসুবিধার নয়। এ দেশে ডিজিটাল লেখাপড়া অন্য দেশের তুলনায় ১০-২০ গুণ বাড়বে। লা মাটিনিয়ার ফর গার্লসের অধ্যক্ষা রূপকথা সরকার বলেছেন, "এখন অনলাইন শিক্ষা ব্যবস্থার গ্রহণযোগ্যতা বেড়ে গিয়েছে। অনলাইন শিক্ষা ব্যবস্থাই থাকবে। নতুন এই ব্যবস্থার সঙ্গে আমাদের খাপ খাইয়ে নিতে হবে।' ভবানীপুর এডুকেশন সোসাইটির ভাইস চেয়ারম্যান মিরাজ দিখিজয় শাহ'র বক্তব্য 'কোভিড-১৯ শিখিয়ে দিলো ব্লেন্ডেড লার্নিং এবং ডিজিটাল মধ্য ব্যবহার করার কাজে ভারত অন্য দেশের তুলনায় ১০ বছর এগিয়ে। বেঙ্গালুরুর আইইএইচএমের পড়ুয়া অমনজিৎ কৌর অন্য বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলেছেন, "এর অনেক ভাল দিক থাকলেও কিছু খারাপ দিকও রয়েছে। প্রধান সমস্যা হল নেটওয়ার্ক। সবার ওয়াই-ফাই নেই। সেই বিষয়টি কি ভাবে উন্নত করা যায় সেটা সকলকে দেখতে হবে। আইআইএইচএমের অধ্যাপক ডেভিড ফসকেট বলেন, 'তরুণ প্রজন্ম ডিজিটাল মাধ্যমে সড়গড়। তরুণ প্রজন্ম যেভাবে শিখছেন, শিক্ষকদের সেভাবে নিজেদের তৈরি করতে হবে।

ব্রিটিশ কাউন্সিলের লার্নিং অ্যান্ড সার্ভিসের অধিকর্তা ড. অ্যান্থোনিয়াস রঘুবংশি, ব্রিটিশ কাউন্সিলের অধিকর্তা দেবাঞ্জন চক্রবর্তী, শিক্ষায়তন ফাউন্ডেশনের মহাসচিব এবং সিইও ব্রততী ভট্টাচার্য, ব্রিটেনের শেফিল্ড হালেম বিশ্ববিদ্যালয়ের ড. ডেভিড গ্রাহাম প্রমুখ বিশিষ্ট শিক্ষাবিদ এই আলোচনায় অংশ নেন।

অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন দ্য বেঙ্গল চেম্বারের শিক্ষা বিষয়ক কমিটির সদস্য সুমিত দাশগুপ্ত।